দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 NOV 2006
পৃষ্ঠা ৩ কলাম ২

# জাবি অশান্ত ॥ প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনিশ্চিত

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র রাজনীতি হঠাৎ করে অশান্ত হয়ে ঠেছে। এ অবস্থায় ১৯ নভেম্বরের ১ম বর্ষ ভর্তি পরীক্ষা অনিশ্চয়তার মধ্যে ড়েছে। ১৪ দলের ডাকা লাগাতার অবরোধ কর্মসূচি এবং ক্যাম্পাসে ছাত্রদল-ত্রলীগ মুখোমুখি অবস্থানে থাকায় এ অনিশ্চয়তা দেখা দিয়েছে। গত সোমবার ত্রদলের হামলায় আহত হয়েছে কমপক্ষে ৪ ছাত্রলীগ কর্মী। সোমবার রাতে মালউদ্দিন হলে ছাত্রদলের হামলায় আহত হয় ছাত্রলীগ কর্মী সাম্য, জকি ও নন। এর মধ্যে সাম্যের অবস্থা আশংকাজনক। তাকে সাভার এনাম ডিক্যালে ভর্তি করা হয়েছে।

অপরদিকে সোমবার রাত ১০টায় মীর মশাররফ হোসেন হলে ছাত্রদলের মলায় আহত হয় ছাত্রলীগ কর্মী শাহনুর। সোমবারের ঘটনার প্রেক্ষিতে ছাত্রদল-ছাত্রলীগ মুখোমুখি অবস্থানে রয়েছে। ঘটনার পর থেকে ক্যাম্পাস ব উত্তেজনা বিরাজ করছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়ে

অপরদিকে আগামী ১৯ নভেম্বর অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হ উত্তপ্ত রাজনৈতিক পরিবেশের কারণে ভর্তি পরীক্ষা অনিশ্চয়তার মধ্যে পড়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষার সময়সূচি ঘে করেছে। এ কারণে আগামী ৩ ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল পং স্থগিত করা হবে।

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থি এক শিক্ষক নেত হত্যার হুমকি দেওয়া হয়েছে। বাংলা বিভাগের শিক্ষক গোলাম মোস্তফাকে সোমবার গভীর রাতে ০১৭১৯৪৩৮৫০৪ নম্বর মোবাইল থেকে কে বা হত্যার হুমকি দেয় এবং অশ্লীল ভাষায় গালি-গালাজ করে।